

মিলাদ ও কিয়াম পাঠ

তিলাওয়াত (বাংলা উচ্চারণ)

আউজু বিল্লাহি মিনাশ শাইত্বানির রাজীম । বিছমিল্লাহির রাহমানির রাহীম ।
লাক্বাদ জা'আকুম রাছুলুম মিন আনফুছিকুম, আজিজুন আলাইহি মা আনিত্তুম,
হারিছুন আলাইকুম, বিল মু'মিনিনা রাউফুর রাহিম ।

ওয়া ক্বালান্নাহ্ তায়ালা ফি শানি হাবীবীহী ওয়া মাহবুবীহী ওয়া মাশুকীহি
মুখ্বিরাও ওয়া আমিরাঃ ইন্নাল্লাহা ওয়া মালাইকাতাছ ইউছাল্লুনা আলান
নাবিয়্য-ইয়া আইয়্যুহান্নাজীনা আমানু ছাল্লু আলাইহি ওয়া ছাল্লিমু তাছলিমা ।

কিয়াম :

ইয়া নাবী ছালাম আলাইকা- ইয়া রাছুল ছালাম আলাইকা
ইয়া হাবীব ছালাম আলাইকা- ছালাওয়াতুল্লাহ্ আলাইকা ।

- ০১ হে নবী! আপনি হাজির ও নাজির, ছালাম লন অধম পাপীর-
পাপী যে কান্দে দিন ও রাত, শুধু যে আপনায় দেখিতে ॥ - ইয়ানবী
- ০২ সাধ্য নাই যেতে মদিনা, দিন ও রাত এইতো ভাবনা-
দেখা দেন নবী স্বপনে, এই আরজ আপনার চরণে ॥ - ইয়ানবী
- ০৩ হে নবী আপনি মদিনা হইতে, সব কিছুই পাবেন দেখিতে-
মোদের লাশ কবরে রাখিলে, লইবেন আপন কোলে ॥ - ইয়ানবী
- ০৪ জিব্রাঈল ডাকেন বারে বার, খুলে দাও আসমানের দুয়ার-
এসেছেন নবীদের সর্দার, করিতে মাওলার দিদার ॥ - ইয়ানবী
- ০৫ নবীজীর আব্বা আবদুল্লাহ, নবীজীর আম্মা আমেনা!
নবীজীর দুখ মা হালিমা, নবীজীর রওয়া মদিনা!! - ইয়ানবী
- ০৬ উছিলা আপনাকে নিয়া- কাঁদিলেন আদম ও হাওয়া!
হইল আল্লারি দয়া- কবুল করিলেন দোয়া!! - ইয়ানবী